আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

03 NOVEMBER 2026 **7:45—7:55PM**

---

১) পশ্চিম এশিয়ার যুদ্ধের জন্যই সম্প্রতি রাজ্যে বিদ্যুত মাশুল সামান্য বৃদ্ধি পেয়েছে বলে মূখ্যমন্ত্রীর প্রকাশ ।

২) রাজ্যে হাতী-মানুষের সংঘাত রোধের জন্য গজমিত্র প্রকল্পের অধীনে রাজ্য সরকারের বিশেষ ব্যাবস্থা ।

৩) শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে পারস্পরিক সহযোগীতা বৃদ্ধির লক্ষ্যে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের সঙ্গে গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের একটি চুক্তি স্বাক্ষর ।

এবং

৪) কাছাড় পুলিশের বিশেষ অভিযানে জেলার তিনটি স্থান থেকে ১২ কোটি ৮০ লক্ষ টাকার মাদক দ্রব্য বাজেয়াপ্ত ।

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা পশ্চিম এশিয়ার যুদ্ধের জন্যই সম্প্রতি রাজ্যে বিদ্যুত মাশুল সামান্য বৃদ্ধি পেয়েছে বলে জানিয়েছেন । সেইসঙ্গে তিনি এই বৃদ্ধি ক্ষণস্থায়ী বলেও উল্লেখ করেন । আজ গৌহাটীর অটল বিহারী বাজপেয়ী ভবনে অনুষ্ঠিত রাজ্য বিজেপির কোর কমিটির বৈঠকের শেষে মূখ্যমন্ত্রী সাংবাদিকদের একথা জানান ।

বাইট

উল্লেখ্য রাজ্য বিজেপির সভাপতি দিলীপ শইকিয়ার পৌরহিত্যে অনুষ্ঠিত কোর কমিটির এই বৈঠকে নতুন প্রভারী ও সহ-প্রভারীর উপস্থিতিতে রাজ্যের স্ব-শাসিত পরিষদ , নিগম নির্বাচন সহ অন্যান্য বেশ কয়েকটি বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয় । আগামী এপ্রিল -মে মাসে গৌহাটী পৌর নিগমের নির্বাচন অনুষ্ঠিত হবে বলে মূখ্যমন্ত্রী বৈঠকে জানান । এছাড়া মূখ্যমন্ত্রী শিলচর পৌর নিগমের মেয়র ও উপ-মেয়র

নির্বাচনের জন্য রাজ্য বিজেপি সভাপতি দিলীপ শইকিয়াকে দায়িত্ব প্রদান করার কথাও জানান । উল্লেখ্য আগামী ৫ অক্টোবর শিলচর পৌর নিগমের নবনির্বাচিত কাউন্সিলররা শপথগ্রহণ করবেন ।

এই বৈঠকের অন্যান্য সিদ্ধান্তের বিষয়ে ড.শর্মা জানান যে নতুন বিধায়কদের জন্য আগামী ১৯ ও ২০ শে ডিসেম্বর প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হবে । এদিকে মূখ্যমন্ত্রী দেশের বুলেট ট্রেনের মানচিত্রে গৌহাটীকে অর্ন্তভুক্ত করার বিষয়টি নিশ্চিত হয়েছে বলেও জানান , সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে মূখ্যমন্ত্রী ড.শর্মা বলেন যে প্রধানমন্ত্রী গৌহাটী পর্যন্ত বুলেট ট্রেন চালানোর সিদ্ধান্তে অনুমোদন জানিয়েছেন । তবে এরজন্য সময়ের প্রয়োজন হবে বলেও মূখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

রাজ্যে আগামীকাল থেকে বন বিভাগ বান্দরের গণনা শুরু করবে ।আগামীকাল পরীক্ষামূলকভাবে কামরুপ মহানগর ,দরং ও গোলাঘাট জেলায় এই গণনা করা হবে । পরবর্তী সময়ে অন্যান্য জেলায় ও এই গণনা চলবে ।বান্দরের প্রজনন নিয়ন্ত্রনের জন্য এই প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে বলে বন মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া সাংবাদিক সম্মেলনে জানান ।

এদিকে হাতী মানুষের সংঘাত রোধ করার জন্য বন বিভাগ বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে । এখন থেকে হাতী মানুষের সংঘাতের ফলে কোনো লোকের মৃত্যু হলে মৃতের পরিবারকে ৬ লক্ষ টাকার ক্ষতিপূরণ দেওয়া হবে ।এবং দুদিনের মধ্যে এই অর্থ প্রদান করা হবে । বন্য হাতী শস্য নষ্ট করলে ৮ হাজার টাকা করে দেওয়া হবে বলে উল্লেখ করে হাতী মানুষের সংঘাত রোধের উদেশ্যে গজমিত্র প্রকল্প গ্রহণ করা হয়েছে ও এই প্রকল্পের সংগে জড়িতদের বেতন একহাজার টাকায় বৃদ্ধি করা হয়েছে বলে বন ও পরিবেশ মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া জানিয়েছেন । গৌহাটীর পাঞ্জাবারীতে আজ বন বিভাগের প্রবীন আধিকারিক ও জেলা বন আধিকারিকদের সংগে অনুষ্ঠিত বৈঠকের পর সাংবাদিকদের মন্ত্রী জানান যে রাজ্যে সম্প্রতি ৮১ টি গজমিত্রের দল রয়েছে ।তিনি বলেন যে এধরণের দলের সংখ্যা শীঘ্র ১৫০ থেকে ২০০ তে বৃদ্ধি করা হবে ।এরজন্য বনরক্ষী আধিকারিককে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে ।গজমিত্রের সংগে তিনজন করে বনকর্মী থাকবে বলে তিনি জানান ।মন্ত্রী জানান ৮ ই নভেম্বরের মধ্যে গজমিত্রের দলগুলি গঠন করা হবে বলে জানান । রাজ্যে ব্যাপক হারে অবৈধ কাঠের মিল জব্দ হোয়া সম্পর্কে মত প্রকাশ করে মন্ত্রী বলেন সরকার বিষয়টি গুরুত্ব সহকারে গ্রহণ করেছে । তিনি বলেন যে এই সমস্যা দূর করার জন্য রাজ্য সরকার কাঠের মিলকে

অনুজ্ঞা পত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ করেছে । তিনি বলেন যে কাঠের মিল স্থাপনে আগ্রহী ব্যাক্তিরা ৩০ শে নভেম্বর পর্যন্ত আবেদন করতে পারবে ।

রাজ্যের খাদ্য সুরক্ষা বিভাগ নিম্নমানের পনির ও দুগ্ধজাত সামগ্রীর বিক্রয় ও বিতরণে নিষেধাজ্ঞা জারি করেছে । ৩১ শে অক্টোবর বিভাগের জারি করা নির্দেশ অনুযায়ী পনিরের নামে বিক্রয় করা এধরণের সামগ্রীতে দুধের পরিবর্তে উদ্ভিদজাত তেল বা অন্য অনুমোদন না জানানো উপাদান ব্যবহার করা হচ্ছে বলে অভিযোগ পাওয়ার পর পনিরের উৎপাদন , মজুত , পরিবহন ও বিক্রয়ের ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । খাদ্য সুরক্ষা বিভাগের পরীক্ষায় এধরণের অনিয়ম ধরা পরার পর জনসাধারণের স্বাস্থের প্রতি লক্ষ্য রেখে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।

গৌহাটীর একটি হোটেলে ৫ জন লোককে গুলী করে হত্যা করার মামলায় অভিযুক্ত ঘনকান্ত গগৈকে আজ বিশেষ তদন্তকারী দল পুনরায় কামরূপ মহানগর জেলার মূখ্য ন্যায় দন্ডাধীশের আদালতে হাজির করে । সাত দিনের পুলিশের জিম্মার মেয়াদ শেষ হবার পরিপ্রেক্ষিতে তদন্তকারী দল কড়া নিরাপত্তার মধ্য দিয়ে অভিযুক্ত গগৈকে আদালতে হাজির করে । সূত্রে জানা গেছে যে তদন্তকারী দলটির ঘনকান্ত গগৈকে পুনরায় পুলিশের জিম্মায় দেবার সম্ভাবনা রয়েছে । । উল্লেখ্য অভিযুক্ত ঘনকান্ত গগৈকে গত ২৭ অক্টোবর কামরূপ মহানগর জেলার প্রথম শ্রেণীর ন্যায় দন্ডাধীশের আদালতে হাজির করানো হয়েছিলো । আদালত অভিযুক্ত গগৈকে পুলিশের জিম্মায় প্রেরণ করে । সাত দিনের জিম্মায় থাকা অবস্থায় ইতিমধ্যে গঠিত বিশেষ তদন্তকারী দল অভিযুক্ত ঘনকান্ত গগৈকে জেরা করা সহ হোটেলে সংঘটিত অপরাধের ঘটনার পুনরায় দৃশ্যায়ন করে । তদন্তকারী দলটি অভিযুক্ত গগৈর স্ত্রীকেও জিজ্ঞাসাবাদ করে ।

শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের মাল্টিডিসিপ্লিনারি রিসার্চ ইউনিট এর সংগে গুরুচরণ বিশ্ববিদ্যালয় একটি চুক্তিতে সাক্ষর করেছে । গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আজ রেজিষ্ট্রার ড: অভিজিত নাথ ও শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের পক্ষ থেকে অধ্যক্ষ ড: অভিজিৎ স্বামী সাক্ষর করেন । এই চুক্তির মূল লক্ষ্য হলো বহুমুখী গবেষণার প্রসার , জ্ঞান ও অভীজ্ঞতার আদান প্রদান , যৌথ গবেষণা প্রকল্প ও দক্ষতা বৃদ্ধির নতুন সুযোগ তৈরী করা । এই চুক্তির মাধ্যমে বিশেষ করে জীব বিজ্ঞান ও

চিকিৎসা বিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে যৌথ গবেষণার সম্ভাবনাকে আরো প্রসারিত করা সহ দুই প্রতিষ্ঠানের মধ্যে প্রাতিষ্ঠানিক সহযোগীতা ও সমন্বয় বৃদ্ধি হবে ।

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল রাতে জেলার তিনটি স্থানে বিশেষ অভিযান চালিয়ে ৮০ হাজারেরও অধিক ইয়াবা ট্যাবলেট ও ৪৭ হাজারেরও অধিক কডেইন যুক্ত কফ সিরাফ বাজেয়াপ্ত করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন উদ্ধার করা মাদক দ্রব্যের বাজার মূল্য আনুমানিক ১২ কোটী ৮০ লক্ষ টাকা হবে । এই ঘটনায় পুলিশ মোট পাঁচ জন ব্যাক্তিকে আটক করেছে । পুলিশ সূত্রে জানান হয়েছে যে প্রথম অভিযান ধলাই থানার অর্ন্তগত লায়লাপুর চেক পয়েন্টে তল্লাশি চালিয়ে একটি গাড়ির গোপন চেম্বার থেকে ১৯ হাজার চারশ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয় । গাড়িটি মিজোরাম থেকে এসেছিল । ঘটনায় পুলিশ মাতাসিন আলী মিরা ও আব্দুল আহাদ লস্কর নামের দু জন ব্যাক্তিকে আটক করেছে ।

দ্বিতীয় অভিযানে পুঠিখেরা টোল গেটে তল্লাশি অভীযান চালিয়ে ৪৭ হাজার কডেইনযূক্ত কফ সিরাফ উদ্ধার করা হয় , ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভীযোগে ট্রাক চালক আয়ুব খান ও সহ-চালক রেহবর আলীকে আটক করা হয়েছে ।
তৃতীয় অভিযানে শিলচর চেংকুরী বাইপাস সংলগ্ন স্থানে একটি স্কুটি থেকে প্রায় ১২ হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করা হয়েছে । পুলিশ স্কুটি চালক নজরুল ইসলাম লস্করকে গ্রেপ্তার করেছে ।

গৌহাটী হাইকোর্টের একজনের বিচারপীঠ আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য হিসেবে অধ্যাপক রাজীব মোহন পন্থের নিযূক্তি দেওয়াকে অবৈধ বলে ঘোষনা করা রায়কে স্থগিত রাখার নির্দেশ দিয়েছে গৌহাটী হাইকোর্টের ডিভিশন বেঞ্চ । ডিভিশন বেঞ্চের এই নির্দেশের ফলে অধ্যাপক রাজীব মোহন পন্থ আপাতত আসাম বিশ্ববিদ্যালয়ের উপচার্য্য পদে বহাল থাকছেন । উল্লেখ্য এর আগে গৌহাটী হাইকোর্টের একজনের

বিচারপীঠ অধ্যাপক রাজীব মোহন পন্থকে উপাচার্য্য হিসেবে নিযুক্তি দেওয়াকে অবৈধ বলে ঘোষনা করে রায় দিয়েছিল । সেই রায়কে প্রত্যাহ্বান জানিয়ে করা আবেদনের পরিপ্রেক্ষিতে আজ ডিভিশন বেঞ্চ ঐ রায়ের উপর স্থগিতাদেশ জারী করেছে । আগামী জানুয়ারী মাসে এই মামলার পরবর্তী শুনানীর দিন ধার্য্য করা হয়েছে ।

শিলচর কাছাড় ক্যান্সার হাসপাতাল ও গবেষনা কেন্দ্রে কেন্দ্রীয় সরকারের সহায়তায় গড়ে তোলা প্রোটিওমিক্স ফেসিলিটির উদ্বোধন করেছেন দেশের প্রাক্তন সেনা প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় শ্রীদ্বিবেদী ডক্টর এস কৃষ্ণমূর্তি স্মারক বক্তৃতা প্রদান করেন ।
অবসরপ্রাপ্ত সেনা প্রধান শ্রীদ্বিবেদী বলেন-----

বাইট

প্রোটিওমিক্স প্রযুক্তির মাধ্যমে কোষ ও দেহের প্রোটিনের গঠন , কার্যকারিতা এবং পরিবর্তন সর্ম্পকে বিশদে গবেষনা করা সম্ভব হবে । এই নতুন পরিকাঠামো শুধু কাছাড় ক্যান্সার হাসপাতাল ও গবেষনা কেন্দ্রের গবেষনার পরিসরই বৃদ্ধি করে না বরং উত্তর-পূর্ব ভারতের ক্যান্সার আক্রান্ত রোগীদের চিকিৎসার মান উন্নয়নেও গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে ।
